



প্রোফাইল

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সহকারী সচিব জনাব মোঃ নজরুল ইসলাম একজন নন-ক্যাডার কর্মকর্তা। তিনি ১৯৬৮ সালের ১ জুলাই কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার দক্ষিণ রামপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম সেকান্দর আলী ও মাতার নাম সূর্যবান বিবি। তিনি কুমিল্লা শহরে অবস্থিত ইউসুফ বহুমুখী উচ্চ বিদ্যালয় হতে ১৯৮৪ সালে মাধ্যমিক এবং কুমিল্লা কমার্স কলেজ হতে ১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশ করেন। তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা হতে ব্যবস্থাপনা বিষয়ে ১৯৮৯ সালে বি.কম(অনার্স) ও ১৯৯০ সালে মাস্টার অব কমার্স ডিগ্রী অর্জন করেন।

জনাব মোঃ নজরুল ইসলাম ১৯৮৭ সালের ২৯ সেপ্টেম্বর নৌ-পরিবহন মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে চাকুরীতে যোগদান করেন। তিনি চাকুরীতে যোগদানের পর হতে সহকারী সচিব পদে পদোন্নতি পাওয়ার পূর্ব পর্যন্ত নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রীর দপ্তরে ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১২ সালের ০১ নভেম্বর সহকারী সচিব (নন-ক্যাডার) পদে পদোন্নতি পান এবং একই তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সহকারী সচিব হিসেবে যোগদান করেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বদলী সংক্রান্ত প্রজ্ঞাপনের প্রেক্ষিতে ১১ নভেম্বর, ২০১২ তারিখে পুনরায় নৌ-পরিবহন মন্ত্রণালয়ে সহকারী সচিব পদে যোগদান করেন। বর্তমানে তিনি নৌ-পরিবহন মন্ত্রণালয়ের বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) শাখায় সহকারী সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি সহকারী সচিব হিসেবে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে যোগদানের পর সিঙ্গাপুর, স্পেন, ফ্রান্স ও তুরস্ক ভ্রমণ করেছেন।

জনাব মোঃ নজরুল ইসলাম বিবাহিত এবং দুই পুত্র সন্তানের জনক। তাঁর স্ত্রীর নাম নূর ফিদাহ্ নিশ্মী।